

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৩৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭২. ইমামের পিছনে আমীন বলা প্রসঙ্গে

باب التَّأْمِينِ وَرَاءَ الإِمَامِ

#### আরবী

حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ عُتْبَةَ الدَّمَشْقِيُّ، وَمَحْمُودُ بْنُ خَالِد، قَالَا حَدَّثَنَا الْفِرْيَابِيُّ، عَنْ صَبُيْحِ بْنِ مُحْرِزِ الْحِمْصِيّ، حَدَّثِنِي أَبُو مُصْبِحٍ الْمَقْرَائِيُّ، قَالَ كُنَّا نَجْلِسُ إِلَى أَبِي زُهَيْرِ النَّمَيْرِيِّ وَكَانَ مِنَ الصَّحَابَةِ \_ فَيَتَحَدَّثُ أَحْسَنَ الْحَدِيثِ فَإِذَا دَعَا الرَّجُلُ مِنَّا بِدُعَاءٍ قَالَ اخْتِمْهُ وَكَانَ مِنَ الصَّحَابَةِ \_ فَيَتَحَدَّثُ أَحْسَنَ الْحَدِيثِ فَإِذَا دَعَا الرَّجُلُ مِنَّا بِدُعَاءٍ قَالَ اخْتِمْهُ بِآمِينَ فَإِنَّ آمِينَ مِثْلُ الطَّابَعِ عَلَى الصَّحِيفَةِ . قَالَ أَبُو زُهَيْرٍ أُخْبِرُكُمْ عَنْ ذَلِكَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم ذَاتَ لَيْلَةٍ فَأَتَيْنَا عَلَى رَجُلٍ قَدْ أَلَحَ فِي الْمَسْأَلَةِ فَوَقَفَ رَسُولِ اللهِ عليه وسلم يَسْتَمِعُ مِنْهُ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَوْجَبَ إِنْ خَتَمَ " . فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ بِأَيِّ شَيْءٍ يَخْتِمُ قَالَ " بِآمِينَ فَإِنَّهُ إِنْ خَتَمَ بِآمِينَ فَقَدْ خَتَمَ " . فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ بِأَيِّ شَيْءٍ يَخْتِمُ قَالَ " بِآمِينَ فَإِنَّهُ إِنْ خَتَمَ بِآمِينَ فَقَدْ أَوْجَبَ " . فَانْصَرَفَ الرَّجُلُ الَّذِي سَأَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَأَتَى الرَّجُلُ الَّذِي سَأَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَأَتَى الرَّجُلُ الَّذِي سَأَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَأَتَى الرَّجُلُ فَقَالَ اخْتِمْ يَا فُلَانُ بِآمِينَ وَأَبْشِرْ . وَهَذَا لَفُظُ مَحْمُودٍ . قَالَ أَبُو دَاوُدَ الْمَقْرَاءُ قَبِيلٌ مِنْ حِمْيَرَ .

\_ ضعیف

#### বাংলা

৯৩৮। আবূ মুসাব্বিহ আল-মাকরাঈ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী আবূ যুহাইর আন-নুমাইরী (রাঃ) এর নিকট বসতাম। তিনি সুন্দর সুন্দর হাদীস শুনাতেন। একবার আমাদের মধ্যকার এক ব্যক্তি দু'আ করতে থাকলে তিনি বললেন, তুমি 'আমীন' বলে দু'আ শেষ করবে। কেননা (দু'আর শেষে) ''আমীন'' বলা (গ্রন্থ বা) চিঠিতে সীলমোহর করার মত। অতঃপর আবূ যুহাইর (রাঃ) বলেন, এ বিষয়ে আমি তোমাদেরকে একটি ঘটনা জানাতে চাই। এক রাতে আমরা রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বের হই। অতঃপর আমরা এমন এক ব্যক্তির কাছে উপস্থিত হই যিনি কাকুতি-মিনতি করে দু'আ করছিলেন।



নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থামলেন এবং তার দু'আ শুনলেন, অতঃপর বললেন, যদি সে শেষ করে তাহলে তার জন্য (জান্নাত) অবধারিত। উপস্থিত লোকদের একজন বললো, কিসের দ্বারা সে দু'আ শেষ করবে? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'আমীন' বলে। কেননা যদি সে ''আমীন'' বলার উপর দু'আ শেষ করে তাহলে তার দু'আ কবূল হয় (অথবা সে নিজের জন্য জান্নাত অবধারিত করে নেয়)। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে প্রশ্নকারী লোকটি দু'আ রত ব্যক্তির নিকট গিয়ে বললো, হে অমুক! তুমি আমীন বলে দু'আ শেষ করো এবং (জান্নাত লাভের ও দু'আ কবূলের) সুসংবাদ গ্রহণ করো। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আল-মাকরাঈ হলো হিময়ারের একটি গোত্র।[1]

দুর্বল।

## **English**

Narrated AbuZuhayr an-Numayri:

AbuMisbah al-Muqra'i said: We used to sit in the company of AbuZuhayr an-Numayri. He was a companion of the Prophet (ﷺ), and he used to narrate good traditions. Once a man from among us made a supplication. He said: End it with the utterance of Amin, for Amin is like a seal on the book.

AbuZuhayr said: I shall tell you about that. We went out with the Messenger of Allah (ﷺ) one night and came upon a man who made supplication with persistence. The Prophet (ﷺ) waited to hear him. The Prophet (ﷺ) said: He will have done something which guarantees (Paradise for him) if he puts a seal to it. One of the people asked: What should he use as a seal? He replied: Amin, for if he ends it with Amin, he will do something which guarantees (Paradise for him).

Then the man who questioned the Prophet (ﷺ) came to the man who was supplicating, and said to him: So-and-so, end it with Amin and receive the good news. These are the words of Mahmud.

Abu Dawud said: Al-Muqra'i is a clan of Himyar.

### ফুটনোট

[1] আবূ দাউদ এতে একক হয়ে গেছেন। মুন্যিরী একে 'আত-তারগীব' গ্রন্থে (১/৩৩০) বর্ণনা করেছেন। এর সন্দে সুবাইহ ইবনু মুহরিয সম্পর্কে হাফিয় বলেনঃ মাকবুল।



#### হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন